গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বাজেট শাখা
www.rthd.gov.bd

# বাজেট ব্যবস্থাপনা কমিটি (BMC) সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এম, এ, এন, ছিদ্দিক<br>সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| তারিখ | : | ২৬-১১-২০১৫ খ্রিষ্টাব্দ |
| সময় | : | বিকেল ৪.০০ ঘটিকা |
| স্থান | : | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির সম্মতিক্রমে অতিরিক্ত সচিব (বাজেট) সভার কার্যপত্র উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, অর্থ বিভাগ হতে জারীকৃত বাজেট বাস্তবায়ন পরিকল্পনা এবং বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ সম্পর্কিত পরিপত্রের দিক নির্দেশনা অনুসরনপূর্বক ১৩-১০-২০১৫ তারিখে বাজেট ওয়ার্কিং গ্রুপের (BWG) সভা করা হয়। সভার সিদ্ধান্ত সচিব মহোদয়ের অনুমোদনক্রমে অর্থ বিভাগে প্রেরণ করা হয়। চলতি ২০১৫-২০১৬ অর্থবছরের ১ম কোয়ার্টারের রাজস্ব প্রাপ্তি, উন্নয়ন ও অনুন্নয়ন ব্যয় এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অগ্রগতির ক্ষেত্রে লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয়নি। তবে এ বিভাগের কোন কোন সংস্থার রাজস্ব প্রাপ্তি লক্ষ্যমাত্রাকে অতিক্রম করেছে। তিনি এ বিভাগের আওতাধীন বিভিন্ন দপ্তর/কর্তৃপক্ষ/সংস্থার ১ম কোয়ার্টারের বাস্তব অগ্রগতি নিম্নোক্তভাবে ছকাকারে উপস্থাপন করেন।

ছক-১

রাজস্ব প্রাপ্তি: ১৮৯৭,৬৩,৯৭ লক্ষ

(অংকসমূহ হাজার টাকায়)

| ক্রম | দপ্তরের নাম | মোট | ১ম (কোয়ার্টার) | | ২য় (কোয়ার্টার) | ৩য় (কোয়ার্টার) | ৪র্থ (কোয়ার্টার) |
|---|---|---|---|---|---|---|---|
| | | | লক্ষ্যমাত্রা | অর্জন | | | |
| ০১। | সচিবালয় | ১৪৪,৬৭ | ২৮,৯৪ | ১,৪৭<br>৫% | ৪৩,৪১ | ৪৩,৪০ | ২৮,৯২ |
| ০২। | সড়ক ও জনপথ অধিদপ্তর | ৫৯৬,৯৯,৪৪ | ১১৯,৩৮,৯৯ | ৯৭,৩৭,৭২<br>৮১% | ১৭৯,১২,৯৭ | ১৭৯,০৮,৪৯ | ১১৯,৩৮,৯৯ |
| ০৩। | বিআরটিএ | ১২৯৯,১৯,৮৬ | ৪৫৪,৭১,৯৫ | ৫০৫,১৮,০৯<br>১১১% | ২৫৯,৮৩,৯৮ | ২৫৯,৮৩,৯৬ | ৩২৪,৭৯,৯৭ |
| | মোট | ১৮৯৭,৬৩,৯৭ | ৫৭৪,৩৯,৮৮ | ৬০২,৫৭,২৮ | ৪৩৯,৪০,৩৬ | ৪৩৯,৩৫,৮৫ | ৪৪৪,৪৭,৮৮ |

ক) রাজস্ব প্রাপ্তিঃ

সভাপতি উপস্থাপিত প্রতিবেদন পর্যালোচনা করে বিআরটিএ লক্ষ্যমাত্রার তুলনায় অধিক রাজস্ব আহরণ করায় ধন্যবাদ জানান। অন্যান্য সংস্থা প্রধানগণকে রাজস্ব আহরণে আরো মনোযোগী হওয়ার পরামর্শ প্রদান করেন। ১ম কোয়ার্টারে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ায় অবশিষ্ট অংশ ২য় ও ৩য় কোয়ার্টারে স্থানান্তরের পরামর্শ প্রদান করেন।

১। সিদ্ধান্তঃ

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং এর আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থার কোয়ার্টার ভিত্তিক রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা নিম্নোক্তভাবে নির্ধারণ করে অনুমোদন করা হয়।

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

ছক-২

(অংকসমূহ হাজার টাকায়)

| ক্রম | দপ্তরের নাম | মোট | ১ম (কোয়ার্টার) | ২য় (কোয়ার্টার) | ৩য় (কোয়ার্টার) | ৪র্থ (কোয়ার্টার) |
|---|---|---|---|---|---|---|
| | | | লক্ষ্যমাত্রা | | | |
| ০১। | সচিবালয় | ১৪৪,৬৭ | ১,৪৭ | ৬০,৮৮ | ৫৩,৪০ | ২৮,৯২ |
| ০২। | সড়ক ও জনপথ অধিদপ্তর | ৫৯৬,৯৯,৪৪ | ১০৭,৭৬,০৩ | ১৮৯,৪৬;৮০ | ১৮০,৩৭,৬২ | ১১৯,৩৮,৯৯ |
| ০৩। | বিআরটিএ | ১২৯৯,১৯,৮৬ | ৫০৫,১৮,০৯ | ২৫৯,৮৩,৯৮ | ২৫৯,৮৩,৯৬ | ২৭৪,৩৩,৮৩ |
| | মোট | ১৮৯৭,৬৩,৯৭ | ৬১২,৯৫,৫৯ | ৪৪৯,৯১,৬৬ | ৪৪০,৭৪,৯৮ | ৩৯৪,০১,৭৪ |

খ) অনুন্নয়ন ব্যয়ঃ

অতিরিক্ত সচিব (বাজেট) সভাকে জানান যে, অনুন্নয়ন ব্যয়ের ক্ষেত্রে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং এর আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থার ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয়নি। সচিবালয় ৫১%, সওজ ৭৭%, বিআরটিএ ৭৮% এবং ডিটিসিএ ৯৬%। এ বিভাগের সার্বিক অর্জন লক্ষ্যমাত্রার ৭৬%। প্রধান প্রকৌশলী, সওজ সভাকে জানান যে অনুন্নয়ন ব্যয়ের একটি উল্লেখযোগ্য অংশ সড়ক রক্ষণাবেক্ষণ খাতে ব্যয় হয়। কিন্তু ১ম কোয়ার্টারে অবিরাম বৃষ্টিপাত ও বন্যার কারণে কার্যক্রম শুরু করা যায়নি। ২য় কোয়ার্টারে পুরোদমে কার্যক্রম শুরু হবে বলে জানান। সভাপতি ২য় কোয়ার্টার থেকে দ্রুত গতিতে কাজ শুরু করার নির্দেশনা প্রদান করেন। ১ম কোয়ার্টারে অব্যায়িত অংশ ২য় ও ৩য় কোয়ার্টারে স্থানান্তর করে ব্যয় বিভাজন করার নির্দেশনা প্রদান করেন।

২। সিদ্ধান্তঃ

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং এর আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থার অনুন্নয়ন ব্যয়ের লক্ষ্যমাত্রা নিম্নোক্ত ছকাকারে নির্ধারণ করে অনুমোদন করা হয়।

ছক-৩

(অংকসমূহ হাজার টাকায়)

| ক্রম | দপ্তরের নাম | মোট | ১ম (কোয়ার্টার) | ২য় (কোয়ার্টার) | ৩য় (কোয়ার্টার) | ৪র্থ (কোয়ার্টার) |
|---|---|---|---|---|---|---|
| | | | লক্ষ্যমাত্রা | | | |
| ০১। | সচিবালয় | ১৩৭,০০,০০ | ৭,৩৯,৮৪ | ৩৪,৫৪,৯৯ | ৪৬,৩৮,৮৬ | ৪৮,৬৬,৩১ |
| ০২। | সড়ক ও জনপথ অধিদপ্তর | ১৯২৮,১৭,০০ | ১৪৩,৩৭,২৮ | ৬২৬,৮৫,৬৬ | ৬২১,৭১,৫৫ | ৫৩৬,২২,৫১ |
| ০৩। | বিআরটিএ | ১৬২,৪০,০০ | ১৯,৯৫,৮৫ | ৫৬,৭৫,১৫ | ৪৪,৪৩,০০ | ৪১,২৬,০০ |
| ০৪। | ডিটিসিএ | ৯,১৮,০০ | ৫৭,৮৩ | ৬২,১৭ | ৩,৯৯,৫০ | ৩,৯৮,৫০ |
| | মোট | ২২৩৬,৭৫,০০ | ২২৪,৫৭,১২ | ৭১৮,৭৭,৯৮ | ৭১৬,৫২,৯১ | ৬৩০,১৩,৩২ |

গ) উন্নয়ন ব্যয়ঃ

অতিরিক্ত সচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, উন্নয়ন ব্যয়ের ক্ষেত্রে ১ম কোয়ার্টারে ১৫%, ২য় ও ৩য় কোয়ার্টারে ৩০% করে ও ৪র্থ কোয়ার্টারে ২৫% হিসেবে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল। ডিটিসিএ ছাড়া এ বিভাগের অন্যকোন দপ্তর নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয়নি। সওজ লক্ষ্যমাত্রার ২১%, এবং মোট বরাদ্দের ৩.১৯%, বিআরটিএ ০%, ডিটিসিএ ১০০%। সভাপতি ২য় ও ৩য় কোয়ার্টারে ১ম কোয়ার্টারে অব্যয়িত অংশ স্থানান্তর করে লক্ষ্যমাত্রা পূন:নির্ধারণের পরামর্শ প্রদান করেন।

৩। সিদ্ধান্তঃ

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং এর আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থার ২০১৫-২০১৬ অর্থবছরের উন্নয়ন ব্যয় নিম্নের ছক মোতাবেক ৪ কোয়ার্টারে বিভক্ত করে অনুমোদন করা হয়।

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

ছক-৪

(অংকসমূহ হাজার টাকায়)

| ক্রম | দপ্তরের নাম | মোট | ১ম (কোয়ার্টার) লক্ষ্যমাত্রা | ২য় (কোয়ার্টার) | ৩য় (কোয়ার্টার) | ৪র্থ (কোয়ার্টার) |
|---|---|---|---|---|---|---|
| ০১। | সড়ক ও জনপথ অধিদপ্তর | ৫২৫৭,৮৭,০০ | ১৬৮,১৪,১৩ | ২০০০,০০,০০ | ১৮০০,০০,০০ | ১২৮৯,৭২,৮৭ |
| ০২। | ডিটিসিএ | MRT-৩৮৫,৬৪,০০ | ৬৩,৫৫,০৩ | ১২৫,২০,২৭ | ১২৪,৪৫,১৬ | ৭২,৪৩,৫৪ |
| | | RSTP-৪,১৮,০০ | ২,০০,০০ | ১৫৬,০০ | ৬২,০০ | ০ |
| ০৩। | বিআরটিএ | ১২,৯৫,০০ | ০ | ১২,০০,০০ | ৯৫,০০ | ০ |
| ০৪। | সচিবালয় | ১৪,৪১,০০ | - | - | - | - |
| | মোট | ৫৬৭৫,০৫,০০ | ২৩৩,৬৯,২৬ | ২১৩৮,৭৬,২৭ | ১৯২৬,০২,১৬ | ১৩৬২,১৬,৪১ |

ঘ) <u>২০১৬-২০১৭ অর্থবছরের জন্য অতিরিক্ত অর্থের চাহিদাঃ</u>

সভায় উপস্থিত অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধির দৃষ্টি আকর্ষণ করে সভাপতি বলেন যে, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ২০১৫-২০১৬ অর্থবছরের বাজেটে ৭,৯১১.৮৩ কোটি টাকা বরাদ্দ আছে। আগামী ২০১৬-১৭ অর্থবছরে জাতীয় গুরুত্বপূর্ণ বেশ কয়েকটি জনগুরুত্বপূণ ও মেগা প্রকল্পের কাজ পূর্ণমাত্রায় চলমান থাকবে। উপরোক্ত পরিস্থিতি বিবেচনায় এ বিভাগের ২০১৬-২০১৭ অর্থবছরের জন্য ১২,০১১.০০ কোটি টাকার বাজেট প্রক্ষেপণের প্রাক্কলন করা হয়েছে। এ ব্যাপারে অর্থ বিভাগের সিনিয়র সচিব বরাবরে ইতোমধ্যে ডিও লেটার প্রদান করা হয়েছে। তিনি উক্ত চাহিদা বিবেচনাপূর্বক ২০১৬-২০১৭ অর্থবছরে অর্থ সংস্থানের অনুরোধ করেন।

সভায় উপস্থিত অর্থ বিভাগের প্রতিনিধি উপসচিব (বাজেট-১৬) বলেন যে,

(i) ১ম কোয়ার্টারের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় অগ্রগতি আশা ব্যাঞ্জক নয়। ফলে কোয়াটার ভিত্তিক পরিকল্পনাটি রিভিশন করা যায়।

(ii) বাজেট বাস্তবায়ন পরিকল্পনা অনুযায়ী ১ম কোয়ার্টারের অবশিষ্ট অর্থ অন্যান্য কোয়ার্টারে বিভাজনের প্রয়োজন রয়েছে। এ ক্ষেত্রে ৪র্থ কোয়ার্টারের অতিরিক্ত অর্থের সংস্থান না রাখাই ভাল। কারণ ৪র্থ কোয়ার্টার অর্থের Quality expenditure অনেক ক্ষেত্রে নিশ্চিতকরণ সম্ভব হয় না।

(iii) উন্নয়ন ব্যয়ের ক্ষেত্রে সড়ক ও জনপথ অধিদপ্তরের লক্ষ্যমাত্রার তুলনায় ব্যয়ের পরিমান অত্যন্ত কম। এ ক্ষেত্রে সওজ অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ আরো তদারকি করতে পারেন।

৪। <u>সিদ্ধান্তঃ</u>

ক) ২০১৬-২০১৭ অর্থবছরে ১২,০১১.০০ কোটি টাকা বাজেটে সংস্থান রাখার জন্য অর্থ বিভাগকে অনুরোধ করা হয়।

খ) অর্থ বিভাগের পরামর্শ অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে বলা হল।

ঙ) <u>বার্ষিক কর্মসম্পাদন চুক্তিঃ</u>

অতিরিক্ত সচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার প্রেক্ষিতে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি-কে (APA) বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC) সভার আলোচ্য সূচীতে অন্তর্ভূক্ত করা হয়েছে। ইতোমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে এ বিভাগের এবং এ বিভাগের সাথে অধিনস্ত ৪টি অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়েছে। চুক্তির শর্ত মোতাবেক নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করতে না পারলে এ বিভাগের সক্ষমতা নিয়ে প্রশ্ন উঠবে এবং বার্ষিক মূল্যায়নে মন্ত্রণালয়ের ভাবমূর্তি ক্ষুন্ন হবে। সভাপতি লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে আরো নিবিড়ভাবে কাজ করার পরামর্শ প্রদান করেন।

৫। <u>সিদ্ধান্তঃ</u>

বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অর্জনে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা প্রধানগণ সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করবেন।

আলোচ্যসূচীতে আর কোন বিষয় অন্তর্ভূক্ত না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভায় সমাপ্তি ঘোষনা করেন।

০৯.১০.২০১৬

(এম, এ, এন, ছিদ্দিক)
সচিব